# বাশাআপ

# B A S H A P

শাহনূরুমা শান্তনা

শাহরিনা শান্তুমা



## ভলিউম ০১

## চাপ্টার ০৩

বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশন অনুমোদিত

Shantona Shantuma \ BASHAP \ Manga Stage \ 2018


কনগ্রেচ্যুলেশন্ , ১০০ জন যোগার করতে পেরেছ তুমি! আমি ক্লাব অ্যারেঞ্জমেন্টের সকল দায়িত্ব নিলাম।
থ্যাংক ইউ!


কোনো ক্লাবের সাথে যুক্ত হওয়া আমার জন্য এক নতুন অভিজ্ঞতা। গত কতদিন ধরে এক চিন্তা নিয়ে কাজ করছি অথচ বাবা কিছুই জানে না। আমার এমন কোনো কথা নেই যা বাবা জানে না।
কিন্তু এই মার্শাল আর্ট ক্লাবের কথা এখনও গোপনই রেখেছি বাবার কাছে।
এর অবশ্য কারণ আছে। আমি চাইনি বাবাকে দুঃচিন্তায় ফেলতে।
ছোটবেলা থেকে বাবা আমাকে একাই মানুষ করেছেন। খুব ছোট বয়সে আমি মাকে হারাই।


ক্যান্সার হয়েছিল তার। সেই থেকে আমার আর বাবার একা পথচলা।
অফিস করা, বাসার কাজ, আমার দেখাশোনা, সবই একহাতে সামলেছে বাবা তবুও ত্রুটি হয়নি কোনো কাজে।



সরকারি চাকুরিজীবী বাবার আয় অনেক বেশি না কিন্তু অর্থকষ্ট আমাকে বুঝতে দেয়া হয়নি কখনও। নিজের জন্য প্রয়োজনীয় জিনিস না কিনেও আমার কোনো সখ অপূর্ণ রাখেননি তিনি। আসলে কোনো কিছু চাইতে হয়নি আমার। স্কুল টিউশনের বেতন মাসের শুরুতেই পরিশোধ; বই, খাতা, কাগজ, কলম নিজ থেকে কিছু চাইতে হয়নি।

কিন্তু একটা অভাব রয়েছিল মনে। সে একা থাকার।


শহরে একটা ছোট ভাড়াবাসায় থাকা হয় আমাদের। ছোটবেলায় বাবা যখন চাকুরীতে যেতেন, আমাকে বাসায় একা রেখে যাওয়া হতো। বাবার কোনো আত্মীয় ছিল না। তাই আমাকে দেখারও কেউ ছিল না। একা ঘরে একা একা বড় হওয়া....
তাই পাড়ার ছেলেদের সাথে কখনই খেলা হয়নি আমার, ঘরকুনো হয়েই বড় হওয়া।
বসে বসে ছবি আঁকা আর বই পড়া ছাড়া কিছুই করার ছিল না আমার তাই দুরন্তপনা কখনই ছিল না আমার।



স্কুলে ভর্তি হবার পর প্রথম প্রথম সবার সাথে মিশতে চাইতাম খুব। অন্যান্য ছেলেদের চেয়ে দূর্বল থাকায় খেলার চাইতে ব্যাথা পেতামই বেশি।
একবার এক ছেলে স্লিপার থেকে ধাক্কা দিয়ে ফেলে দিল আমাকে। হাটুতে ও কপালে চোট পেলাম আমি।
প্রিন্সিপাল স্যার বাবাকে খবর দিলেন। বাবা কাজ ফেলে তখনই স্কুলে চলে আসলেন।
শব্দ !







বাবার কথার কোনো উত্তর দেইনি আমি। ঐ একবারই বাবার কাছে বকা খেয়েছি।
এরপর অবশ্য বাবা আমার কাছে ক্ষমা চেয়েছিল।





তুমি দূর্বল তাই বারণ করি। মন খারাপ করে না।
যদি তোমার কিছু হয়ে যায়!
বাবা তুমি অফিসে যাবে না?
না বাবা, আজ অফিস নেই।
অতএব সবিনয়ে নিবেদন এই
ছুটি মঞ্জুর করলে চির বাধিত
আপনার অনুগত
সুবর্ণ সমুদ্র


সেই থেকে কখনই আর খেলাধুলা করা হয়নি, মেলামেশাও হয়নি কারও সাথে। বাবাকে কোনোভাবেই চিন্তায় ফেলতে চাইনি আমি তাই আমার সম্পূর্ণ চিন্তা পড়াশুনা আর বাবাকে সাহায্য করাতেই প্রতিজ্ঞ হয়েছি।
কিন্তু এই প্রথমবার নিজের মনের ইচ্ছায়, নিজের জন্য কিছু করতে চাইছি, তাও আবার মার্শাল আর্ট।
বাবা কি মেনে নিবে?


এত কষ্টের পর যদি না মেনে নেয়? সবশেষ!
কিন্তু বাবাকে বলতেই হবে। আর যে কেউ নেই আমার...


বাবা একটা কথা ছিল।
হ্যা, বলো।
শোনো না, আমি না একটা ক্লাবে জয়েন করেছি।
ভালো তো, কী ক্লাব?


মার্শাল আর্টস ক্লাব।
হুম্ ,ভালো।
ভালো !!!! তুমি না করবে না !
না করবো কেন?
না.. মানে.......


শব্দ, তুমি এখন বড় হয়েছো। তোমার ভালোমন্দ তুমি বোঝ। ভালো কোনো কিছুতেই বাঁধা নেই আমার।
আমি সবসময় পাশে আছি এবং থাকবো।
তাহলে আমি জয়েন করব!
ইয়েহ্!! থ্যাংক ইউ!
অবশ্যই, যদি তোমার মন চায়।


শব্দ সমুদ্র! স্যারের সাথে কথা হয়েছে আমার। আশা করি আগামী সপ্তাহ থেকেই ক্লাব করা যাবে।
চলবে...